নির্বাহী সারসংক্ষেপ

পর্যালোচনা

2021 সালের 1 সেপ্টেম্বর, বুধবার, সন্ধ্যায়, Hurricane Ida (হারিকেন আইডা) এর অবশিষ্টাংশ New York এ এসে পৌঁছেছে। যদিও ইতোমধ্যে ঝড়টিকে একটি পোস্ট-ট্রপিক্যাল সাইক্লোন হিসাবে পুনঃশ্রেণীবদ্ধ করা হয়েছিল, তবে এটি শহরের এক ঘণ্টাব্যাপী বৃষ্টিপাতের সর্বোচ্চ রেকর্ড ভেঙে দেয়, ব্যাপক বন্যা সংঘটিত করে এবং কয়েকশত মিলিয়ন ডলারের ক্ষতিসাধন করে এবং New York City এর মধ্যে 13 জনের প্রাণনাশ করে। 2021 সালের, 5 সেপ্টেম্বর, প্রেসিডেন্ট জোসেফ আর. বাইডেন, জুনিয়র (President Joseph R. Biden, Jr.) New York State এর জন্য একটি গুরুতর দুর্যোগের ঘোষণা জারি করেন (4615-DR-NY)।

2022 সালের 22 মার্চ, ইউএস ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (Department of Housing and Urban Development, HUD) ঘোষণা করেছে যে New York City ("সিটি-টি") হারিকেন আইডা (Hurricane Ida) পরবর্তী দীর্ঘমেয়াদী পুনরুদ্ধারের প্রচেষ্টায় সহায়তা করার জন্য $187,973,000 এর একটি তহবিল পাবে, যা সিটির ম্যানেজমেন্ট ও বাজেট অফিসের মাধ্যমে পরিচালনা করা হবে। কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট ডিজাস্টার রিকভারি (Community Development Block Grant Disaster Recovery, CDBG-DR) বরাদ্দের এবং CDBG-DR কনসলিডেটেড ওয়েইভার এবং অল্টারনেটিভ রিকোয়ারমেন্ট ফেডারেল রেজিস্টার নোটিশ (ভলিউম 87, নং 100, 5/24/2022, 87 FR 31636, "HUD নোটিশ") বাস্তবায়নের জন্য জন্য এই বরাদ্দ ঘোষণা করা হয়েছিলো যাতে ডিজাস্টার রিলিফ সাপ্লিমেন্টাল এপ্রোপ্রিয়েশন অ্যাক্ট, 2022 (Public Law 117-43) এর মাধ্যমে তহবিলের ব্যবস্থা করা হয়েছে।

তহবিল অবশ্যই "সর্বাধিক ক্ষতিগ্রস্ত এবং দুর্দশাগ্রস্ত এলাকায় দুর্যোগকালীন ত্রাণ, দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার, অবকাঠামো এবং আবাসনের পুনরুদ্ধার, অর্থনৈতিক পুনরুজ্জীবন এবং প্রশমনের জন্য ব্যবহার করা উচিত।" সিটি কীভাবে তার CDBG-DR বরাদ্দ ব্যবহার করে পুনরুদ্ধার এবং প্রত্যাবর্তনের প্রচেষ্টাকে সমর্থন যোগাবে তা এই অ্যাকশন প্ল্যানটি শনাক্ত করে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে যোগ্যতার মানদণ্ড, তহবিলগুলি কীভাবে অপূর্ণ চাহিদাগুলি পূরণ করবে এবং কীভাবে সিটি তহবিলের সাথে সম্পর্কিত শর্তাবলী মেনে চলবে। সিটি এই পরিকল্পনাটি 30 দিনের গণ মন্তব্যকালীন সময়কালের জন্য প্রকাশ করছে যা 26 সেপ্টেম্বর, 2022 তারিখে শেষ হবে। এছাড়াও, আরও মন্তব্যের জন্য সিটি 14 সেপ্টেম্বর, 2022 তারিখে 7:00PM EST সময়ে একটি গণশুনানি করবে।

দুর্যোগ-নির্দিষ্ট সারসংক্ষেপ

দুর্ভাগ্যবশত, নিউ ইয়র্কবাসীরা প্রতিকূল আবহাওয়ার সাথে অপরিচিত নয়। পূর্ব সমুদ্র তীর বরাবর একটি উপকূলীয় শহর হিসাবে, এর বাসিন্দারা দীর্ঘদিন ধরেই New York City-কে একটি তাপপ্রবাহ, তুষারঝড় এবং উপকূলীয় বন্যাপ্রবণ শহর হিসেবে জানেন। 2021 সালের গ্রীষ্মকালে, যদিও, বেশ কয়েকটি গুরুতর ঝড় স্পষ্ট করে দিয়েছে যে আনুষ্ঠানিকভাবে আমাদের জন্য অপেক্ষমাণ আরেকটি হুমকি রয়েছে: চরম বৃষ্টিপাত ঘটিত অভ্যন্তরীণ বন্যা। 8 জুলাই গ্রীষ্মমন্ডলীয় ঝড় এলসার (Elsa) সাথে শুরু হয়ে 1 এবং 2 সেপ্টেম্বর পোস্ট ট্রপিক্যাল সাইক্লোন (Post Tropical Cyclone, PTC) আইডা এর সাথে সর্বোচ্চ সীমা পৌঁছে, New York City তিনটি ঝড় সহ্য করেছে যার *প্রতিটিতে* বৃষ্টিপাত হয়েছে একটি নির্দিষ্ট বছরে সম্ভাব্য বৃষ্টিপাতের মাত্র এক শতাংশ বা তার কম। 21 আগস্ট আঘাত হানা গ্রীষ্মমন্ডলীয় ঝড় হেনরি (Henri), সিটির এক ঘণ্টায় বৃষ্টিপাতের রেকর্ড ভেঙ্গেছে, যা কেবলমাত্র 10 দিন পরে PTC Ida ছাড়িয়ে গেছে।

বেশ কয়েক বছর ধরেই সিটি প্রচণ্ড বৃষ্টিপাত মোকাবেলায় পরিকল্পনা করছে – এই সিটি 2021 সালের মে মাসে একটি স্টর্মওয়াটার রেসিলিয়েন্সি প্ল্যান (Stormwater Resiliency Plan) প্রকাশ করেছে – তবে, এই অঞ্চলটি ইতোপূর্বে PTC Ida এর মতো তীব্র এবং হিংস্র ঝড়ের সম্মুখীন হয়নি। যদিও গ্রীষ্মের শুরুতে গ্রীষ্মমন্ডলীয় ঝড়গুলি ভারী বৃষ্টিপাত বয়ে নিয়ে

এসেছিল, তবে সেই ঘটনাগুলি দীর্ঘ সময় ধরে ঘটমান ছিলো এবং সেগুলোতে আইডা দ্বারা সংঘটিত ধারাবাহিক, তীব্র বৃষ্টিপাত দেখা যায়নি। ইতিহাসে প্রথমবারের মতো, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) New York City এর জন্য একটি ফ্ল্যাশ ফ্লাড ইমার্জেন্সি (Flash Flood Emergency) জারি করে। 12 ঘণ্টারও কম সময়ে আইডা স্টেটেন আইল্যান্ডে নয় ইঞ্চির বেশি বৃষ্টিপাত ঘটিয়েছে, যার একটি উল্লেখযোগ্য অংশ তিন ঘণ্টার মধ্যে সংঘটিত হয়েছে। Western Bronx-এ এক ঘণ্টায় তিন ইঞ্চির বেশি বৃষ্টিপাত হয়েছে।

Ida এর ঐতিহাসিক বৃষ্টিপাতের মোট পরিমাণ ছাড়াও, বন্যা সংঘটনের এলাকাটির জন্যও ঝড়টি উল্লেখযোগ্য ছিল। ঝড়ের ফলশ্রুতিতে অবিরাম বৃষ্টিপাত সিটির নর্দমা ব্যবস্থাকে নিমজ্জিত করে ফেলে, যার প্রতি ঘণ্টায় সাধারভাবে 1.75 ইঞ্চি বৃষ্টি সামলানোর ক্ষমতা রয়েছে। এর ফলে, রাস্তা পানিতে প্লাবিত হয় এবং পাতাল রেল ব্যবস্থা, ভুগর্ভস্থ কক্ষ এবং বেসমেন্টগুলিতে বিশেষ করে 100 বছরের পরিকল্পিত প্লাবনভূমির আওতার বাইরের অভ্যন্তরীণ অঞ্চলে পানি প্রবেশ করে। সিটির ক্ষতিগ্রস্ত সম্পত্তির বিশ্লেষণের উপর ভিত্তি করে, Ida প্রভাবিত ভবনের মাত্র 6.9% 100 বছরের পরিকল্পিত প্লাবনভূমির আওতায় রয়েছে এবং 13.7% 500 বছরের পরিকল্পিত প্লাবনভূমির আওতায় রয়েছে।

সিটির অনুমান অনুযায়ী ক্ষতিগ্রস্ত ভবনের সংখ্যা প্রায় 33,500 টি, যা শহরের মোট ভবনের প্রায় 3.3%। Ida এর প্রভাব পাঁচটি বরোর সবগুলি জুড়ে অনুভূত হলেও, ঝড়টি বাইরের বরোগুলিতে বেশি তীব্র ছিলো। ক্ষতিগ্রস্ত সম্পত্তির মধ্যে, Queens 39.9%, Brooklyn 26.7%, Bronx 18.7% এবং Staten Island 12.7% এবং মাত্র 2.0% Manhattan-এ অবস্থিত। এর ফলে, প্রেসিডেন্সিয়াল ডিজাস্টার ডিক্লারেশনে (Presidential Disaster Declaration) Bronx County, Kings County (Brooklyn), Queens County এবং Richmond County (Staten Island) FEMA এর ইন্ডিভিজুয়াল এবং পাবলিক অ্যাসিসটেন্স প্রোগ্রামের জন্য উপযুক্ত বলে বিবেচিত হয়েছে, যেখানে New York County (Manhattan) শুধুমাত্র FEMA এর পাবলিক অ্যাসিসটেন্স এর জন্য উপযুক্ত বলে বিবেচিত হয়েছে। উপরন্তু, সর্বাধিক প্রভাবিত এবং দুর্দশাগ্রস্ত এলাকা যেগুলিকে CDBG-DR তহবিলের জন্য অগ্রাধিকার দেওয়া উত সেই তালিকায় HUD Manhattan-কে অন্তর্ভুক্ত করেনি।

নকশা 1: New York State এর জন্য দুর্যোগ ঘোষণার মানচিত্র



বরো-অনুযায়ী, সর্বাধিক সংখ্যক ক্ষতিগ্রস্ত সম্পত্তি রয়েছে Queens এবং Brooklyn-এ। যাহোক, কমিউনিটি ডিস্ট্রিক্ট ট্যাবুলেশন এরিয়া (Community District Tabulation Area, CDTA)-এর ভিত্তিতে ক্ষতির দিকে তাকালে, সর্বাধিক প্রভাবিত চারটি বারোতে ক্ষতি তুলনামূলকভাবে সমানভাবে বিস্তৃত ছিলো: কোনো CDTA 7.1% এর বেশি ক্ষতিগ্রস্ত সম্পত্তির বিবেচনা করেনি।

নকশা 2: ক্ষতিগ্রস্ত সম্পত্তির হিট ম্যাপ



নকশা 3: CDTA অনুযায়ী ক্ষতিগ্রস্ত সম্পত্তির পরিমাণ – ক্ষতিগ্রস্ত ভবনের সংখ্যার ভিত্তিতে



নকশা 4: CDTA অনুযায়ী ক্ষতিগ্রস্ত সম্পত্তির পরিমাণ – CDTA-তে ক্ষতিগ্রস্ত ভবনের শতাংশের ভিত্তিতে



আবাসিক সম্পত্তির উপর ঝড়ের প্রভাব অসামঞ্জস্যপূর্ণভাবে পরিলক্ষিত ছিলো: ক্ষতিগ্রস্ত সম্পত্তিগুলির 92% এরও বেশি আবাসিক কাঠামো যদিও আবাসিক সম্পত্তিসমূহের সংখ্যা সিটির সকল ভবনের 87% এরও কম। মিশ্র-ব্যবহার্য ভবন সহ বাণিজ্যিক স্থান অন্তর্ভুক্ত ভবনসমূহ ক্ষতিগ্রস্ত ভবনের 7.5%। আনুমানিক 800টি ক্ষতিগ্রস্ত ভবন পুরোপুরিভাবে বাণিজ্যিক ছিল, যা সকল ক্ষতিগ্রস্ত ভবনের 2.4%। বাণিজ্যিক সম্পত্তির ক্ষতি ছিলো প্রাথমিকভাবে মজুদ এবং সরঞ্জামের ক্ষতির সাথে সম্পর্কিত।

Ida এর ফলশ্রুতিতে, সিটির ভবন বিভাগ (Department of Buildings) শহরব্যাপী হাজার হাজার ভবন পরিদর্শন করেছে এবং 116টি ভবনের কাঠামোকে সম্পূর্ণ বা আংশিকভাবে ব্যবহারের জন্য অনিরাপদ বলে মনে করেছে। এছাড়াও, অদ্যাবধি সম্পন্ন করা FEMA পরিদর্শনসমূহ 10টি আবাসিক ভবনকে ধ্বংসপ্রাপ্ত এবং 1,282টি ভবনকে গুরুতর ক্ষতির সম্মুখীন বলে চিহ্নিত করেছে। যদিও ক্ষতির তীব্রতা পূর্বের ঝড়সমূহ, যেমন হারিকেন স্যান্ডির (Hurricane Sandy) তুলনায় কম ছিলো, তবে অভ্যন্তরীণ প্রকৃতি, বাইরের-বরো জুড়ে ক্ষয়ক্ষতির মাত্রা এবং বৃষ্টিপাতের তীব্রতায় সিটির গুরুতর আবহাওয়াগত বিপর্যয়ে প্রতিক্রিয়া এবং প্রস্তুতিতে নাটকীয় পরিবর্তন প্রদর্শন করে।

সিটির প্রাথমিক বিশ্লেষণের উপর ভিত্তি করে, সিটির জন্য DR তহবিলের প্রয়োজনীয়তাগুলিকে ছয়টি প্রধান ক্ষেত্রে ভাগ করা যেতে পারে:

একক-পরিবারের বাড়ি এবং বেসমেন্ট অ্যাপার্টমেন্ট

ছোট আবাসিক ভবনগুলিতে অসামঞ্জস্যপূর্ণ ক্ষতি সাধিত হয়েছে: যেখানে এক এবং দুই-পরিবারের বাড়িগুলি শহরব্যাপী ভবনসমূহের 52%, এগুলো Ida দ্বারা ক্ষতিগ্রস্ত মোট ভবনসমূহের 75%। এই ক্ষতিগ্রস্ত সম্পত্তিসমূহ শহর জুড়ে অবস্থিত, যদিও এগুলি Queens, Brooklyn এবং Bronx-এ কেন্দ্রীভূত, যেগুলিতে অনেক নিম্ন-আয়ের এবং অভিবাসী সম্প্রদায়ের মানুষ রয়েছে যেখানে ঝুঁকিপূর্ণ জনসংখ্যার বৃহৎ অংশ রয়েছে। একক-পারিবারিক বাড়িতে (1-4 ইউনিট) সবচেয়ে বেশি ক্ষতি ভূগর্ভস্থ বা গ্রেড স্পেসে (যেমন, বেসমেন্ট, গ্রাউন্ড ফ্লোর) প্লাবনের দ্বারা।

বেসমেন্ট অ্যাপার্টমেন্ট

শহর জুড়ে, প্রায় দশ হাজার নিউইয়র্কবাসী অবৈধ সাবগ্রেড অ্যাপার্টমেন্টসমূহ দখল করে আছে। এই ইউনিটগুলিতে প্রায়শই মৌলিক সুরক্ষার অভাব থাকে, যা বাসিন্দাদেরকে বন্যা, আগুন এবং অন্যান্য নিরাপত্তাজনিত ঝুঁকিতে ফেলে। যদিও, এই ইউনিটগুলি সাশ্রয়ী মূল্যের আবাসনের একটি মূল উৎস এবং সাশ্রয়ী মূল্যের আবাসন লক্ষ্য পূরণে সিটির জন্য গুরুত্বপূর্ণ সুযোগ। এই ইউনিটগুলি সাধারণত আরও পরিমিত ভাড়া দাবি করে এবং আবাসন বাজারে কম পরিষেবা পাওয়া গোষ্ঠীগুলিসহ নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসীদের কাছে আরও সহজলভ্য হতে পারে। বেসমেন্ট অ্যাপার্টমেন্টগুলি সম্পত্তির মালিকদের আয়ের একটি গৌণ উৎস হিসাবেও কাজ করে, এসকল ব্যক্তি প্রায়শই ছোটমাপের বাড়িওয়ালা হয়ে থাকেন যারা নিজে ঐ বাড়িতেই থাকেন। জটিল এবং পুরানো আইন এবং প্রবিধানগুলি এই ইউনিটগুলিকে নিরাপদ এবং আইনানুগ ব্যবহারের অধীনে আনা কঠিন করে তোলে। বিশেষত বন্যার সময় বেসমেন্টে বসবাসকারীদের নিরাপত্তার উন্নতিসাধন, সিটির জন্য একটি শীর্ষ অগ্রাধিকার।

পয়ঃনিষ্কাশন ব্যবস্থা

জানালা এবং দরজা উভয় দিকে বন্যার পানি প্রবেশ করা এবং প্লাম্বিং ফিক্সচারের মাধ্যমে বাড়িতে পয়ঃনিষ্কাশন অনুপ্রবেশের থেকে ক্ষতির উদ্ভব হয়েছিলো। ব্যাকওয়াটার ভালভগুলি বেসমেন্টে কাঁচা পয়ঃনিষ্কাশন অনুপ্রবেশের সম্ভাবনা কমিয়ে দেয় এবং হাজার হাজার ডলারের ক্ষতি রোধ করার জন্য এটি একটি সুলভ উপায়। কোথায় ব্যাকওয়াটার ভালভ স্থাপন করা সম্পত্তির মালিকদের জন্য সবচেয়ে কার্যকর হবে তা নিয়ে সিটি বর্তমানে গবেষণা করছে।

গণ আবাসন

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) 170,000 ইউনিটের বেশি গণ আবাসনের মালিক এবং পরিচালক যেগুলোকে প্রায় অর্ধ মিলিয়ন নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসীর বাড়ি বলে থাকে। সিটির ক্রমবর্ধমান ব্যয়বহুল এবং প্রতিযোগিতামূলক আবাসন বাজারে একটি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট খুঁজে পেতে এই

পরিবারসমূহের অনেকেই অক্ষম হবে। NYCHA এর বাসিন্দাদের এবং আগামী প্রজন্মের উভয়ের প্রয়োজনে সাশ্রয়ী মূল্যের আবাসন মজুতের এই গুরুত্বপূর্ণ অংশটি সংরক্ষণ করা New York City এর জন্য একটি শীর্ষ অগ্রাধিকার।

প্রায় 230টি NYCHA বিল্ডিং Ida দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে, যাতে Bronx, Brooklyn এবং Queens জুড়ে 12টি স্থাপনা বিশেষভাবে উল্লেখযোগ্য ক্ষতির সম্মুখীন হয়েছে। NYCHA বর্তমানে কেবল ক্ষতির পরিমাণ কমপক্ষে $150 মিলিয়ন বলে অনুমান করছে। যদিও এই খরচের একটি উল্লেখযোগ্য অংশ বন্যা বিমা, FEMA পাবলিক অ্যাসিসট্যান্স এবং New York State এর সম্ভাব্য সহায়তা দ্বারা পূরণ করা হবে বলে আশা করা হচ্ছে, তবে NYCHA কিছু খরচ বহন করবে। উপরন্তু, Ida-সম্পর্কিত পুনরুদ্ধার কার্যক্রম অনুরুপ সম্ভাব্য ভবিষ্যত ঘটনাবলির দ্বারা উল্লেখযোগ্য ক্ষতি এবং ব্যয় প্রতিরোধ করার উপযোগী প্রশমন প্রচেষ্টাকে অন্তর্ভুক্ত করার একটি সুযোগও দেয়।

ব্যপ্তি এবং অন্যান্য সর্বজনীন পরিষেবা

সর্বজনীন তথ্য

PTC Ida সীমিত ইংরেজি দক্ষতা (Limited English Proficiency, LEP) বিশিষ্ট ব্যক্তিদেরকে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত করেছে। গণমাধ্যম প্রতিবেদনের ভিত্তিতে, New York City-তে Ida আক্রান্তদের মধ্যে বেশ কয়েকজন ইংরেজিতে কথা বলতে পারতেন না বা ইংরেজিতে সীমিত দক্ষতা ছিল। যদিও সিটি তার Notify NYC পরিষেবার মাধ্যমে একাধিক ভাষায় জরুরি সতর্কতা প্রকাশ করতে সক্ষম, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) এর সে সক্ষমতা নেই৷ এছাড়াও, ব্যবহারকারীদের অবশ্যই অবস্থান-ভিত্তিক NWS সতর্কতার মতো মোটামুটি স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত হওয়ার পরিবর্তে Notify NYC সতর্কতা পাওয়ার জন্য সাইন আপ করতে হবে। Ida দ্বারা প্রদর্শিত চিত্র অনুযায়ী, তথ্যের অসমতা LEP সম্প্রদায়ের উপর কঠোর এবং অসমজ্জ্জস্যপূর্ণ প্রভাবের দিকে নিয়ে যেতে পারে এবং প্রারম্ভিক এবং *অ্যাক্সেসযোগ্য* বিজ্ঞপ্তি জীবন রক্ষা ও সংরক্ষণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বন্যা বিমা

এই সিটি চরম বৃষ্টিপাত ব্যবস্থাপনার জন্য অনেকগুলি প্রকল্পের পরিকল্পনা ও বাস্তবায়ন করছে, তবে এই প্রচেষ্টাগুলির সম্পূর্ণ প্রভাব পরিলক্ষিত হতে কয়েক বছর বা কয়েক দশক সময় লাগতে পারে। এছাড়াও, এই সিটি সকল বন্যার ঘটনা প্রতিরোধ করতে সক্ষম হবে না। চরম বৃষ্টিপাতের ঘটনাগুলি যেহেতু আরও ঘন ঘন পরিলক্ষিত হচ্ছে, তাই সিটি এমনকী অভ্যন্তরীণ এলাকাসমূহেও, যেখানে সাধারণত এটির প্রয়োজন হয় না, সেখানে বন্যা বিমা করে বাসিন্দাদের নিজেদের রক্ষা করতে শিক্ষিত এবং উৎসাহিত করবে৷ বিমা পলিসির ক্রমবর্ধমান খরচের ব্যাপারটি সিটি অনুধাবন করে এবং এটি মোকাবেলায় তার ফেডারেল অংশীদারদের সাথে কাজ করছে। যাহোক, বন্যা বিমা কেনা হচ্ছে বন্যার ঘটনা থেকে আর্থিক বিপর্যয় রোধ করার সর্বোত্তম উপায়। বিমার খরচ কমাতে প্রত্যাবর্তন অডিট এবং সংযোজন করার জন্য মালিক এবং ভাড়াটেদের সাথেও সিটি কাজ করবে।

প্রত্যাবর্তন এবং প্রশমন

এই সিটি ঝড়ের পানি ব্যবস্থাপনায় রূপান্তরমূলক বিনিয়োগ করেছে যা পানির গুণমানকে উন্নত করবে এবং জলবায়ু পরিবর্তনের জন্য প্রস্তুত করবে। যাহোক, সর্বদাই আরো অধিক কিছু করার প্রয়োজন রয়েছে। সিটিকে আরও প্রত্যাবর্তনমূখী করার জন্য সিটি অনেকগুলি পদ্ধতির বিকাশ করেছে এবং প্রসারিত করবে, যাতে রয়েছে

- সবুজ অবকাঠামো ব্যবস্থা যা রাস্তা, ফুটপাথ এবং অন্যান্য কঠিন পৃষ্ঠ হতে নর্দমা ব্যবস্থায় প্রবেশ করার পূর্বে বা স্থানীয় বন্যার কারণ ঘটানোর পূর্বেই ঝড়ের পানি সংগ্রহ করে;
- ব্লুবেল্ট (Bluebelts) এবং জলাভূমি যেগুলো প্রবাহিত বৃষ্টিপাত বা ঝড়ের পানিকে বহন করে, সঞ্চয় করে এবং ছাঁকে;
- ধূসর অবকাঠামোগত উন্নয়ন যা সিটির নর্দমা, পানি শোধনাগার, পাম্পিং স্টেশন ইত্যাদির ক্ষমতা প্রসারিত করবে এবং
- সিটির সকল সুযোগ-সুবিধা (যেমন, স্বাস্থ্যসেবা সুবিধা, শিক্ষাগত সুবিধা, বিনোদন এলাকা এবং খোলা জায়গা, ইউটিলিটি, আশ্রয় কেন্দ্র) এবং কার্যক্রম (যেমন, ছোট ব্যবসায় সহায়তা, সাশ্রয়ী আবাসন, কর্মশক্তি উন্নয়ন প্রচেষ্টা) এর মধ্যে প্রশমন এবং প্রত্যাবর্তনের বিবেচনাগুলি অন্তর্ভুক্ত করা।

পরিকল্পনা

অবশেষে, Ida এমন অনেক এলাকা সবার দৃষ্টিগোচর করেছে যেখানে সিটি, এর সরকারী অংশীদার এবং অন্যান্য স্টেকহোল্ডাররা উন্নতিসাধন করতে পারে। এই এলাকাসমূহে অন্তর্ভুক্ত, কিন্তু শুধু এতেই সীমাবদ্ধ নয়:

- সম্ভাব্য ঝড়ের পানি ব্যবস্থাপনার উন্নতির জন্য নির্দিষ্ট স্থানিক অঞ্চলগুলি গবেষণা করা;
- আকস্মিক বন্যার ক্ষেত্রে সাবগ্রেড স্পেস থেকে বাসিন্দাদের আরও ভালোভাবে সরিয়ে নেওয়ার পরিকল্পনা করা;
- বেসমেন্ট এবং সেলার অ্যাপার্টমেন্টগুলি কোথায় অবস্থিত এবং কীভাবে তারা বন্যা, আগুন ইত্যাদি থেকে আরও ভালোভাবে সুরক্ষিত হতে পারে তা চিহ্নিত করা;
- পূর্বাভাস, পর্যবেক্ষণ, অনুসরণ এবং চরম আবহাওয়ার ঘটনাগুলির প্রভাব মূল্যায়নের জন্য পদ্ধতিগুলি উন্নত করা এবং
- কার্বন নির্গমন হ্রাস এবং স্থিতিস্থাপকতা বাড়ানোর জন্য উদ্ভাবনী প্রযুক্তি এবং পদ্ধতিগুলি মূল্যায়ন করা।

সারসংক্ষেপ

পথনির্দেশকমূলক নীতিমালা

এই অ্যাকশন প্ল্যানের বিকাশের আগে এবং সময়কালে, সিটির তহবিলের পরিকল্পিত ব্যবহার চিহ্নিত প্রয়োজনের প্রতি প্রতিক্রিয়াশীল এবং অন্যান্য পুনরুদ্ধারের প্রচেষ্টার সাথে সামঞ্জস্যপূর্ণ তা নিশ্চিত করার জন্য সিটি দুর্যোগ-আক্রান্ত বাসিন্দাদের, স্থানীয় ব্যবসার মালিক, পরিষেবা প্রদানকারী, New York State, NYCHA, ফেডারেল সরকার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ করেছে। অর্থায়নের উদ্যোগ নির্বাচন করার সময়, সিটি শহরের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর উপকার করার উদ্দেশ্যে, ভবিষ্যতে জীবন ও সম্পত্তির ক্ষয়ক্ষতি কমানোর উদ্দেশ্যে এবং যেগুলি CDBG-DR অনুদানের যোগ্যতার মাপকাঠির মধ্যে খাপ খায় সেগুলিকে অগ্রাধিকার দিয়েছে। HUD নোটিশ অনুযায়ী, সিটির বরাদ্দের অন্তত $150,378,400 অবশ্যই HUD-সংজ্ঞায়িত Bronx, Brooklyn, Queens এবং Staten Island এর সবচেয়ে বেশি প্রভাবিত এবং দুর্দশাগ্রস্ত এলাকায় ব্যয় করতে হবে। এছাড়াও, অনুদানের কমপক্ষে 70% নিম্ন এবং মাঝারি আয়ের মানুষ এবং এলাকাগুলির সুবিধার জন্য ব্যবহার করা আবশ্যক।

তহবিলের জন্য প্রস্তাবিত কর্মসূচির মধ্যে রয়েছে আবাসন, অবকাঠামো, অর্থনৈতিক পুনরুজ্জীবন, জনসেবা, পরিকল্পনা এবং অনুদানের প্রশাসন সম্পর্কিত কার্যক্রম। তহবিল কার্যক্রমে অন্তর্ভুক্ত রয়েছে

- ছোট বাড়ির মালিক এবং ভাড়াটেদের জন্য আর্থিক পরামর্শ এবং বন্যা বিমা সহায়তা;
- গণ আবাসন উন্নয়ন পুনরুদ্ধার এবং আরো স্থিতিস্থাপক সম্পত্তি তৈরি;
- ছোট পরিবারের আবাসনে স্থিতিস্থাপকতার উন্নতি সাধনে ভর্তুকি দেওয়া;
- সাশ্রয়ী আবাসনে কমিউনিটির জন্য স্থিতিস্থাপক স্থান যোগ করা;
- দুর্যোগ মোকাবেলায় স্থানীয় বাণিজ্যিক ডিস্ট্রিক্টের সক্ষমতা বৃদ্ধি করা;
- সিটির সবুজ অবকাঠামো নেটওয়ার্ক সম্প্রসারণ;
- বিস্তৃতি সম্পাদন করা এবং ঝুঁকিপূর্ণ কমিউনিটির মধ্যে বিপদ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং
- পুনরুদ্ধার এবং প্রত্যাবর্তনের জন্য পরিকল্পনা।

সিটির ম্যানেজমেন্ট এবং বাজেট অফিস (Office of Management and Budget) অনুদান পরিচালনার প্রধান সত্তা হলেও, এই প্রোগ্রামগুলি বাস্তবায়ন করা অনেক সিটি এজেন্সির মধ্যে একটি সমন্বিত প্রচেষ্টা হবে। সিটি এই অনুদানের পুরো সময়কাল জুড়ে নাগরিকদের সম্পৃক্ততার প্রচেষ্টা চালিয়ে যাবে এবং প্রয়োজন অনুসারে সমন্বয় করবে।

প্রস্তাবিত বরাদ্দের পরিমাণ

টেবিল 1: CDBG-DR কার্যক্রম বরাদ্দ

কার্যক্রমসমূহ	বরাদ্দ	নিম্ন এবং মধ্যম আয়ের ব্যক্তিদের প্রত্যাশিত সুবিধা	মধ্যবর্তী এলাকায় প্রত্যাশিত সুবিধা
আবাসন	*123,200,000*	*110,460,000*	*117,495,239*
বন্যা বিমা এবং আর্থিক পরামর্শ	1,000,000	510,000	800,000
গণ আবাসন পুন: প্রতিষ্ঠা এবং স্থিতিস্থাপকতা কার্যক্রম	88,200,000	88,200,000	87,695,239
ছোট পরিবারের আবাসনে স্থিতিস্থাপকতার উন্নতি সাধন	25,000,000	12,750,000	20,000,000
সাশ্রয়ী আবাসনে কমিউনিটির জন্য স্থিতিস্থাপক স্থান	9,000,000	9,000,000	9,000,000
অবকাঠামো			
সবুজ অবকাঠামো সম্প্রসারণ	30,000,000	30,000,000	30,000,000
অর্থনৈতিক পুনরুদ্ধার			
স্থানীয় বাণিজ্যিক ডিস্ট্রিক্টগুলিতে জরুরি সাড়াদানে সক্ষমতা বৃদ্ধি	450,000	229,500	360,000
সর্বজনীন পরিষেবা			
সমুন্নত ঝুঁকি বিষয়ক সচেতনতা এবং কমিউনিটিতে বিস্তৃতি	6,716,000	3,814,850	4,862,000
পরিকল্পনা			
পুনরুদ্ধার এবং প্রত্যাবর্তনের জন্য পরিকল্পনা	20,369,000	N/A	5,348,812
সামগ্রিক প্রশাসনিক নয় এমন কার্যক্রমসমূহ	*180,735,000*	*144,504,350* 80%	*158,066,051* 87%
প্রশাসন			
CDBG-DR প্রশাসন	7,238,000	5,787,050	6,330,163
মোট	**187,973,000**	**150,291,400**	**164,396,214**

অপূর্ণ চাহিদা এবং প্রস্তাবিত বরাদ্দ

এই পরিকল্পনার পরবর্তী বিভাগে অপূর্ণ চাহিদা মূল্যায়নের উপর ভিত্তি করে, সিটি $320,205,695 এর একটি অপূর্ণ চাহিদা অনুমান করেছে। এই অনুমানটি সেই সময়ে সিটির নিকট উপলভ্য সেরা তথ্যের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যা প্রাথমিকভাবে FEMA, মার্কিন ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (U.S. Small Business Administration) এবং সিটি বিশ্লেষণের তথ্যের উপর ভিত্তি করে নেওয়া। যাহোক, যখনই নতুন, উল্লেখযোগ্য তথ্য উপলভ্য হবে তখনই সিটি অপূর্ণ চাহিদা বিভাগ আপডেট করবে।

টেবিল 2: অপূর্ণ চাহিদা এবং প্রস্তাবিত বরাদ্দ

শ্রেণী	অবশিষ্ট অপূর্ণ চাহিদা	% অপূর্ণ চাহিদার পরিমাণ	বরাদ্দ	% কার্যক্রম বরাদ্দের পরিমাণ
আবাসন	$188,600,000	58.9%	$123,200,000	65.5%
অবকাঠামো	$86,151,695	26.9%	$30,000,000	16.0%
অর্থনৈতিক পুনরুজ্জীবন	$0	0.0%	$450,000	0.2%
সর্বজনীন পরিষেবা	$6,716,000	2.1%	$6,716,000	3.6%
পরিকল্পনা	$31,500,000	9.8%	$20,369,000	10.8%
প্রশাসনিক ব্যয়	$7,238,000	2.3%	$7,238,000	3.9%
মোট	$320,205,695	100.0%	$187,973,000	100.0%